বাগেরহাট-৪ আসনে আওয়ামী লীগের মনোনয়ন পেলেন মিলন

বাগেরহাট-৪ (মোরেলগঞ্জ-শরণখোলা) আসনের উপ-নির্বাচনে আওয়ামী লীগের মনোনয়ন পেয়েছেন আওয়ামী লীগের কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য এ্যাড. আমিরুল আলম মিলন।

শনিবার (১৫ ফেরুয়ারি) গণভবনে অনুষ্ঠিত আওয়ামী লীগের সংসদীয় বোর্ড এবং স্থানীয় সরকার মনোনয়ন বোর্ডের যৌথসভায় তাকে মনোনয়নের সিদ্ধান্ত হয়। আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনার সভাপতিত্বে যৌথসভা অনুষ্ঠিত হয়।

এই আসনে আওয়ামী লীগের দলীয় মনোনয়ন সংগ্রহ করে জমা দিয়েছিলেন ১১ জন। তারা হলেন, আওয়ামী লীগের কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য অ্যাড. আমিরুল আলম মিলন, ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটির সাবেক সভাপতি এইচ এম বদিউজ্জামান সোহাগ, বিগত বাগেরহাট জেলা আওয়ামী লীগের স্বাস্থ্য বিষয়ক সম্পাদক ডাঃ মোশারফ হোসেন, সাবেক সংসদ সদস্য ডা: মোজাম্মেল হোসেনের পুত্রবধু ইসমত আরা শিরিন চৌধুরী, জেলা আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক নকীব নজিবুল হক নজু, মালেশিয়া আওয়ামী লীগের সাবেক সভাপতি এমআর জামিল হোসাইন, পুলিশের সাবেক অতিরিক্ত আইজিপি অধ্যাপক আব্দুর রহিম খান, অ্যাড. প্রবীর রঞ্জন হালদার, মিজানুর রহমান জনি, এস এম মনিরুল ইসলাম ও এস এম রাজু।

শনিবার সন্ধায় তাদের সকলের সাক্ষাতকার গণভবনে গ্রহন করা হয়। পরে আওয়ামী লীগের কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য এ্যাড. আমিরুল আলম মিল কে দলীয় মনোনয়ন দেয়া হয়।

১০জানুয়ারি বাগেরহাট-৪ আসনের সংসদ সদস্য ও জেলা আওয়ামী লীগের সভাপতি ডা. মোজাম্মেল হোসেনের মৃত্যু হলে আসনটি শূন্য হয়। গত ৬ ফেরুয়ারি নির্বাচন কমিশন এ আসনে উপনির্বাচনের তফসিল ঘোষণা করে। আগামী ২১ মার্চ এই আসনে উপনির্বাচন অনুষ্ঠিত হবে।
মনোনয়ন পাওয়া আওয়ামী লীগের কেন্দ্রীয় কমিটির সদস্যা অ্যাড. আমিরুল আলম মিলন বলেন, সারা জীবন মানুষের ভালবাসা নিয়ে রাজনীতি করেছি। মানুষের ভালবাসাই আমার সম্বল। আগামী নির্বাচনে জনগন বিপুল ভোটের ব্যবধানে এই আসনের জনগন নৌকাকে বিজয়ী করবে বলে তিনি আশা

□□□□□